

💵 মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ১৫৭২

৪১. হুদুদের অধ্যায় (১১৯৮)

পরিচ্ছেদঃ ৭. কোন প্রকারের বস্তু চুরি করিলে হাত কাটা ওয়াজিব হয়

باب مَا يَجِبُ فِيهِ الْقَطْعُ

আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرِ بْنِ حَزْمٍ عَنْ عَمْرَةَ بِنْتِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّهَا قَالَت خَرَجَت عَائِشَةُ زَوْجُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى مَكَّةَ وَمَعَهَا مَوْلَاتَانِ لَهَا وَمَعَهَا غُلَامٌ لِبَنِي عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرِ الصِّدِيقِ فَبَعَثَتْ مَعَ الْمَوْلَاتَيْنِ بِبُرْدِ مُرَجَّلِ قَدْ وَمَعَهَا غُلَامٌ لِبَنِي عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرِ الصِّدِيقِ فَبَعَثَتْ مَعَ الْمَوْلَاتَيْنِ بِبُرْدِ مُرَجَّلٍ قَدْ خِيطَ عَلَيْهِ خِرْقَةٌ خَضْرَاءُ قَالَتْ فَأَخَذَ الْغُلَامُ الْبُرْدَ فَفَتَقَ عَنْهُ فَاسْتَخْرَجَهُ وَجَعَلَ مَكَانَهُ لِبُدًا أَوْ فَرْوَةً وَخَاطَ عَلَيْهِ فَلَمَّا قَدِمَتُ الْمُولَاتَانِ الْمَدينَةَ دَفَعَتَا ذَلِكَ إِلَى أَهْلِهِ فَلَمَّا فَتَقُوا لِبْدًا أَوْ فَرُوةً وَخَاطَ عَلَيْهِ فَلَمَّا قَدِمَتُ الْمُولَاتَانِ الْمَراثَتِيْنِ فَكَلَّمَتا عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى عَنْهُ وَجَدُوا فِيهِ اللِّبْدَ وَلَمْ يَجِدُوا الْبُرْدَ فَكَلَّمُوا الْمَرْأَتَيْنِ فَكَلَّمَتَا عَائِشَةَ زَوْجَ النَّبِيِ صَلَّى عَنْ ذَلِكَ فَاعْتَرَفَ فَأَمُرَتْ بِهِ عَلَيْهِ وَسَلَّمَ أَوْ كَتَبَتَا إِلَيْهَا وَاتَّهُمَتَا الْعَبْدَ فَسُئِلَ الْعَبْدُ عَنْ ذَلِكَ فَاعْتَرَفَ فَأَمَرَتْ بِهِ عَلِيْهِ وَسَلَّمَ أَوْ كَتَبَتَا إِلَيْهَا وَاتَّهُمَتَا الْعَبْدَ فَسُئِلَ الْعَبْدُ عَنْ ذَلِكَ فَاعْتَرَفَ فَأَمَرَتْ بِهِ عَلِيْشَةُ زَوْجُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُطِعَتْ يَدُهُ وَقَالَتْ عَائِشَةُ الْقَطْعُ فِي رُبُعِ دِينَادٍ فَصَاعِدًا

وَقَالَ مَالِكَ أَحَبُّ مَا يَجِبُ فِيهِ الْقَطْعُ إِلَيَّ ثَلَاثَةُ دَرَاهِمَ وَإِنْ ارْتَفَعَ الصَّرْفُ أَوْ اتَّضَعَ وَذَلِكَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَطَعَ فِي مِجَنِّ قِيمَتُهُ ثَلَاثَةُ دَرَاهِمَ وَأَنَّ عُتْمَانَ بْنَ عَفَّانَ قَطَعَ فِي أُتْرُجَّةٍ قُوِّمَتْ بِثَلَاثَةِ دَرَاهِمَ وَهَذَا أَحَبُّ مَا سَمِعْتُ إِلَيَّ فِي ذَلِكَ

বাংলা

রেওয়ায়ত ২৫. আমরা বিন্তে আবদুর রহমান (রহঃ) হইতে বর্ণিত আছে, উম্মুল মু'মিনীন আয়েশা (রাঃ) মক্কাভিমুখে যাত্রা করিলেন। তাহার সঙ্গে তাহার দুইটি দাসীও ছিল, যাহাদেরকে মুক্ত করিয়া দেওয়া হইয়াছে। আর আবদুল্লাহ ইবন আবু বকরের একজন দাসও তাঁহার সহিত ছিল। তিনি ঐ দাসীদের হাতে মক্কা হইতে একখানা চাদর পাঠাইলেন যাহাতে পুরুষের ছবি অঙ্কিত ছিল এবং উহাকে একখানা সবুজ কাপড়ে জড়াইয়া সেলাই করিয়া দেওয়া হইয়াছিল। ঐ দাসটি ঐ সেলাই খুলিয়া উহা হইতে চাদর বাহির করিয়া লইল আর তদস্থলে একটা চামড়া রাখিয়া উহাকে পুনরায় সেলাই করিয়া দিল। দাসীদ্বয় মদীনায় আসিয়া উহার মালিকের নিকট উহা অর্পণ করিল।



তাহারা উহা খুলিয়া দেখিল চাদরের পরিবর্তে একখানা চামড়া, পরে ঐ দাসীদের নিকট জিজ্ঞাসা করা হইলে তাহারা আয়েশা (রাঃ)-র নিকট লিখিয়া দিল যে, উহা ঐ দাস লইয়া গিয়াছে। যখন ঐ দাসকে প্রশ্ন করা হইল সে স্বীকার করিল। অতঃপর আয়েশা (রাঃ)-এর আদেশে তাহার হাত কাটা হইল। আয়েশা (রাঃ) বলেন, দীনারের চতুর্থাংশ বা তদূর্ধের্বর পরিবর্তে হাত কর্তন করা হইবে।"[1]

মালিক (রহঃ) বলেনঃ আমাদের মতে যদি চোর তিন দিরহাম বা তদূর্ধ্ব মূল্যের মাল চুরি করে, তখন তাহার হাত কর্তন করা অনিবার্য হইয়া পড়ে। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি ঢালের বিনিময়ে হাত কর্তনের আদেশ দিয়াছেন, যাহার মূল্য তিন দিরহাম ছিল। উসমান (রাঃ) একটি সাতরানজের বিনিময়ে হাত কাটিয়াছিলেন যাহার মূল্য তিন দিরহাম ছিল। সমস্ত মতের মধ্যে এই মতই উত্তম বলিয়া গণ্য ।

English

Yahya related to me from Malik from Abdullah ibn Abi Bakr ibn Hazim that Amra bint Abd ar-Rahman said, "A'isha, the wife of the Prophet, may Allah bless him and grant him peace, went out to Makka and she had two girl mawlas of hers and a slave belonging to the sons of Abdullah ibn Abi Bakr as-Siddiq . She sent a figured cloak with the two mawlas which was sewn up in a piece of green cloth."

Amra continued, "The slave took it and unstitched it and took out the cloak. In its place, he put some felt or skin and sewed it up again. When the mawla girls came to Madina, they gave it to his people. When they opened it, they found felt in it and did not find the cloak. They spoke to the two women and they spoke to A'isha, the wife of the Prophet, may Allah bless him and grant him peace, or they wrote to her and suspected the slave. The slave was asked about it and confessed. A'isha, the wife of the Prophet, may Allah bless him and grant him peace, gave the order and his hand was cut off. A'isha said, 'A thief's hand is cut off for a guarter of a dinar and upwards.' "

Malik said, "The limit I prefer above which cutting off the hand is obliged is three dirhams, whether the exchange is high or low. That is because the Messenger of Allah, may Allah bless him and grant him peace, cut off the hand of a thief for a shield whose value was three dirhams, and Uthman ibn Affan cut off the hand of a thief for a citron which was estimated at three dirhams. This is what I prefer of what I have heard on the matter."

ফুটনোট

[1] কেহ কেহ বলিয়াছেন, ঐ চাদরে মানুষের ছবি ছিল না, বরং উটের হাওদা ইত্যাদির ছবি ছিল। যরকানী



বলেনঃ কোন জন্তুর আধা ছবি থাকিলে কোন দোষ নাই, পূর্ণ ছবি থাকিলে তাহা নিষেধ। যরকালী আরও বলেন, অত্র হাদীসের দ্বারা কেহ যেন ছবি রাখা জায়েয মনে না করে। কেননা প্রথমত জানদারের ছবি সন্দেহজনক, তদুপরি অর্ধ ছবি থাকিলে উহাতে কোন দোষ নাই, পূর্ণ ছবিই নিষেধের আওতায় পড়ে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আমরাহ বিনতু আবদুর রহমান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন